গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
আইন ও পলিসি শাখা

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ খায়রুল আমীন মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০৫/১২/২০২২
সভার সময়	বেলা ১১.০০ টা
স্থান	সভাকক্ষ, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।অতঃপর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২।সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্র.ম.	সভার আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.কর্মপরিকল্পনা ২০২২-২৩ সংক্রান্ত	সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বিষয়ে আলোচনা হয়। কর্মসম্পাদন সূচক ১.১ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে উপ-পরিচালক (প্রশাসন), আহবায়ক, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), সদস্য এবং সহকারী পরিচালক (আইন ও পলিসি) কে সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট করে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ২৯ নভেম্বর ২০২২ তারিখে ৫৬.০৫.০০০০. ০১৪.১৬.০০২. ২২.৯০ নম্বর অফিস আদেশে পুনর্গঠন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়। সভাপতি পুনর্গঠিত কমিটির কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের নির্দেশনা প্রদান করেন।	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে।	পরিবীক্ষণ কমিটি
২.পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.২ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয় এবং সভার সিদ্ধান্তের বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুতের কথা বলা হয়।	কর্মসম্পাদন সূচক ১.২ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন প্রতিবেদন প্রদান করতে হবে।	পরিবীক্ষণ কমিটি
৩.দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে এদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	কর্মসম্পাদন সূচক ১.৩ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।	ফোকাল পয়েন্ট সহকারী পরিচালক (আইন ও পলিসি)

৪.সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড সংক্রান্ত	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৪ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের ব্যাপারে সভায় মত প্রকাশ করা হয়। সভায়, এজেন্সির উপ-পরিচালক (প্রশাসন) এবং বিভাগের আপিল কর্মকর্তা পরিবর্তন হওয়ায় সেবা প্রদান প্রতিশ্রুতিতে অনিক ও আপিল কর্মকর্তা পরিবর্তনের নির্দেশনা প্রদান করা হয় এবং হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করে স্ক্রিনশট সংরক্ষণ করা এবং হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি আইসিটি বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	এজেন্সির সেবা প্রদান প্রতিশ্রুতিতে অনিক ও আপিল কর্মকর্তা পরিবর্তন করে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড করে স্ক্রিনশট সংরক্ষণ এবং বিভাগে প্রেরণ করতে হবে।	পরিবীক্ষণ কমিটি
৫.কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন	সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২ অনুসারে ২য় কোয়ার্টারে সূচক অনুযায়ী কোন কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার না থাকায় পরবর্তী কোয়ার্টারে সেমিনার আয়োজনের নির্দেশনা প্রদান করেন।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেমিনার ৩য় কোয়ার্টারে আয়োজন করতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৬.স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	সভায়, সেবা প্রদান প্রতিশ্রুতি স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ বিষয়ে ১ম গত ১৫/০৮/২০২২ তারিখে ১ম কোয়ার্টারে অনুষ্ঠিত হয় এবং পরবর্তী সভা ৩য় কোয়ার্টারে আয়োজন করা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	কর্মসম্পাদন সূচক ২.২ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ বিষয় ২য় সভা ৩য় কোয়ার্টারে আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট সহকারী পরিচালক (আইন ও পলিসি)

০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৬.০৫.০০০০.০১৪.১৬.০০২.২২.৯৫

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৯
০৭ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (সকল), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
২) উপ-পরিচালক (সকল), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
৩) সহকারী পরিচালক (সকল), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
৪) হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
৫) ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

মোছাঃ ফারজানা খান তমা
সহকারী পরিচালক (আইন ও পলিসি)